# বেসিক ব্যাংক লিমিটেড

**শতভাগ রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক**
**বংশাল শাখা, ঢাকা।**

**(অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২(৩) ধারা মতে**

## নিলাম দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা প্রকৃত ক্রেতা ও সর্বসাধারনের অবগতির জন্য জানানো যাইতেছে যে, বেসিক ব্যাংক লিমিটেড, বংশাল শাখা, ঢাকা এর ঋণ গ্রহিতা **মেসার্স আহমেদ স্টীল ইন্ডাস্ট্রিজ**, এমখান-এএসআই-টিএন(জেভি), এমখান-লিঃ-এএসআই (জেভি), প্রতিনিধিত্বে উহার ০১. স্বত্বাধিকারী জনাব মোঃ রফিউদ্দিন আহমেদ ফেরদৌস, স্থায়ী ঠিকানাঃ বাড়ী-১২/১৪, ফ্ল্যাট-এ (৪র্থ তলা) ব্লক-ই, রোড-৬, নিকেতন, গুলশান-১, ঢাকা। ব্যবসায়িক ঠিকানাঃ মেসার্স আহমেদ স্টীল ইন্ডাস্ট্রিজ, এমখান-এএসআই-টিএন(জেভি), এমখান-লিঃ-এএসআই (জেভি), ৪০০,কাপুরিয়া পট্টি, থানা-মঠবাড়ীয়া, জেলা-পিরোজপুর। বেসিক ব্যাংক লিমিটেড, বংশাল শাখা হইতে মেসার্স আহমেদ স্টীল ইন্ডাস্ট্রিজ, এমখান-এএসআই-টিএন(জেভি), এমখান-লিঃ-এএসআই (জেভি), ঋণ সুবিধা ভোগ করিয়াছেন। অধিকন্তু উক্ত ঋণের বিপরীতে মেসার্স আহমেদ স্টীল ইন্ডাস্ট্রিজ নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি ব্যাংক বরাবরে রেজিস্ট্রি বন্ধকী দলিল মূলে বন্ধক প্রদান করিয়া ব্যাংককে আম-মোক্তারও নিয়োগ করিয়াছেন। বারবার তাগাদা দেওয়া স্বত্ত্বেও ঋণ গ্রহীতার নিকট থেকে ব্যাংকের পাওনা আদায় করা সম্ভব হয় নাই। **বিগত ২৪.০৮.২০২৪ ইং** তারিখ পর্যন্ত ঋণ গ্রহীতার নিকট ব্যাংকের সুদ-আসল ও আনুষঙ্গিক খরচসহ মোট **৪,৩৩,১০,৪১৮.৬৭ (চার কোটি তেত্রিশ লক্ষ দশ হাজার চারশত আঠারো টাকা সাতষট্টি পয়সা মাত্র)** পাওনা রহিয়াছে। বন্ধকদাতা এবং আম-মোক্তার দাতাগণের প্রদত্ত ক্ষমতাবলে এবং বিজ্ঞ অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২(৩) ধারা মোতবেক ব্যাংক উক্ত ঋণ গ্রহীতার নিকট পাওনা আদায়ের লক্ষ্যে নিম্ন তফসিলি সম্পত্তি নিলামে বিক্রয়ের নিমিত্তে আগ্রহী ক্রেতাগনের নিকট হইতে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে দরপত্র আহবান করা যাইতেছে। **আগামী ২৫-০৯-২০২৪ ইং** তারিখ বেলা ০৩.০০ (তিন) ঘটিকার মধ্যে ব্যাংকের বংশাল শাখায় রক্ষিত বাক্সে সরাসরি কিংবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা করিতে হইবে। দরপত্র অবশ্যই শর্তমুক্ত হইতে হইবে।

**শর্তসমূহ**

০১. প্রত্যেক দরপত্র উক্ত বিজ্ঞপ্তি সহকারে তাহাদের নিজস্ব প্যাডে অথবা সাদা কাগজে স্পষ্ট অক্ষরে তাহাদের নাম, ঠিকানা, টেলিফোন নম্বর (যদি থাকে), টেন্ডার মুল্য অংকে ও কথায় লিখিয়া এবং দরপত্র সীল মোহরকৃত খামে এবং খামের উপর স্পষ্ট অক্ষরে "সম্পত্তি ক্রয়ের দরপত্র" লিখিয়া দাখিল করিতে হইবে।

০২. দরপত্র অপরাহ্ন ০৩.০০ ঘটিকার মধ্যে বেসিক ব্যাংক লিমিটেড, বংশাল শাখা, ঢাকায় রক্ষিত দরপত্র বাক্সে সরাসরি কিংবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে জমা দিতে হইবে। উক্ত দিবসেই অপরাহ্ন ০৩.১০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হইবে। রেজিস্ট্রি ডাকযোগে প্রেরনের ক্ষেত্রে তাহা অবশ্যই উক্ত নির্ধারিত সময়ের মধ্যে পৌঁছাইতে হইবে।

০৩. দরপত্র দাখিল করিবার সময় প্রযোজ্য আর্নেস্ট মানি (অগ্রিম মুল্য) ও মুল্য পরিশোধের সময়সীমা নিম্নোক্ত ছকে দেওয়া হইল। সময়সীমার মধ্যে সমুদয় অর্থ পরিশোধে ব্যর্থ হলে ব্যাংক উক্ত জামানতের টাকা বাজেয়াপ্ত করিতে পারিবেন।

| আর্নেস্ট মানি/জামানতের পরিমান | অবশিষ্ট মুল্য পরিশোধের সময়সীমা |
|---|---|
| ক) উদ্ধৃত দর ১০.০০ লক্ষ টাকা পর্যন্ত দরপত্র মুল্যের ২০% হারে | দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৩০ দিবসের মধ্যে। |
| খ) উদ্ধৃত দর ১০.০১ লক্ষ টাকা হইতে ৫০.০০ লক্ষ টাকা পর্যন্ত দরপত্র মুল্যের ১৫% হারে | দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৬০ দিবসের মধ্যে। |
| গ) উদ্ধৃত দর ৫০.০০ লক্ষ টাকার অধিক হইলে দরপত্র মুল্যের ১০% হারে | দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৯০ দিবসের মধ্যে। |

০৪. দরপত্রে প্রদত্ত মুল্য অস্বাভাবিক ভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে বা নিম্নোক্ত তফসিলের আংশিক সম্পত্তির ক্রয়ের জন্য দরপত্র দাখিল করিলে বা কম জামানত বা ক্রুটিপুর্ণ দরপত্র দাখিল করিলে তাহা সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে।

০৫. উপরে বর্ণিত ৩ নং শর্তের অধীনে প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।

০৬. সফল দরদাতাকে নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তির রেজিস্ট্রেশন সংক্রান্ত যাবতীয় খরচ এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের যথা পৌরসভা, ওয়াসা, পিডিবি, পানি, বিদ্যুৎ, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভুমিকর ইত্যাদি সহ যে কোন বিল বা পাওনা বা দাবী বা বিবিধ খরচ থাকিলে তাহা দরদাতাকে বহন করিতে হইবে।

০৭. নিলামে অংশ গ্রহনে ইচ্ছুক আগ্রহী ক্রেতাগণ বিস্তারিত জানার জন্য ব্যাংকের সংশ্লিষ্ট শাখায় অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করিতে পারিবেন।

০৮. কোন কারন দর্শানো ব্যতিরেকে যে কোন বা সকল দরপত্র বাতিল করিবার অধিকার ব্যাংক সংরক্ষন করেন

**সম্পত্তির তফসিল**

**তফসিল-১:** জেলাঃ ঢাকা, থানা ও সাব-রেজিস্ট্রি অফিস-গুলশান, অধীন ঢাকা কালেক্টরীর ৪৫২ নং তৌজিভুক্ত সি.এস-২৭৫, আর.এস-৩৬, সিটি জরিপে ১৯ নং মৌজা মহাখালীস্থিত সি.এস খতিয়ান নং-১০৩ (একশত তিন), এস.এ খতিয়ান নং-৭৪ (চুয়াত্তর), সি.এস ও এস.এ দাগ নং-৫৪১ (পাঁচশত একচল্লিশ) যাহার আর.এস বুজারাত খতিয়ান নং-১৯০৭ (এক হাজার নয়শত সাত), ডিপি খতিয়ান নং-৩৮৯ (তিনশত উননব্বই), আর.এস দাগ নং-৩১১৪ (তিন হাজার একশত চৌদ্দ), ঢাকা সিটি জরিপ খতিয়ান নং-৩৫৯ (তিনশত উনষাট), সিটি জরিপ দাগ নং- ৫৩৫৫ (পাঁচ হাজার তিনশত পঞ্চান্ন), ও ৫৩৫৬ (পাঁচ হাজার তিনশত ছাপ্পান্ন), উহা হইতে উদ্ভূত ইস্টার্ন হাউজিং লিমিটেড কর্তৃক প্রস্তুতকৃত লে-আউট প্ল্যানে চিহ্নিত প্লট নং-১২ ও ১৪, ব্লক-ই, রোড নং-৬, নিকেতন,গুলশান-১ ঢাকায় অবস্থিত ১৪৮৮ ( এক হাজার চারশত আটাশি) অযুতাংশ ভূমির উপর নির্মিত (ফুলমুন) নামীয় বহুতল ভবনের অবিভাজ্য, অবিভক্ত ও অচিহ্নিত ২০৫ (দুইশত পাঁচ) বর্গফুট বা ৪৬.৯৮ অযুতাংশ ভূমি, যাহা নামজারী মুলে প্রাপ্ত ৬৮ (আটষট্টি) অযুতাংশ, এবং নিচতলায় অবস্থিত একটি কার-পার্কিং স্পেসসহ ৪র্থ তলার ১৫৫০ (একহাজার পাঁচশত পঞ্চাশ) বর্গফুট পরিমিত উত্তর-পুর্ব দিকে অবস্থিত 'এ-4' নং ফ্ল্যাট এবং উহার সংযুক্ত যাবতীয় এজমালী সুযোগ-সুবিধাদিই তফসিল বর্নিত সম্পত্তি বটে, সম্পত্তির মালিক-০১. মোঃ রফিউদ্দিন আহমেদ ফেরদৌস, ০২. মোসাম্মৎ ফজিলাতুন নেছা।

**তফসিল-২:** জেলাঃ বরিশাল, থানা ও সাব রেজিস্ট্রি অফিস- কোতয়ালী অধীন আর.এস. ৫১ নং মৌজা সাগরদীস্থিত আর.এস- খতিয়ান নং-৭২৪, এস.এ খতিয়ান নং-৮৭৫, আর.এস ও এস.এ দাগ নং-১৪৭০, মোট সম্পত্তির পরিমান ৮৬ শতক, উহার কাতে ৫.৫০ (সাড়ে পাঁচ) শতক বাড়ী ভুমিই তফসিল বর্নিত সম্পত্তি বটে, যাহার এস.এ নামজারী ও জমাভাগ খতিয়ান নং ৩৩৩১, কেইস নং-৩৫৯/২০০৩-২০০৪, তাং-১৭/০৯/২০০৩ ইং এবং জোত নং-৪৬৩৩। যাহার মালিক- মোসাম্মৎ ফজিলাতুন নেছা।

**তফসিল-৩:** জেলাঃ পিরোজপুর, থানা ও সাব-রেজিস্ট্রি অফিস মঠবারিয়া অধীন ২১ নং মৌজা মঠবাড়িয়াস্থিত এস এ খতিয়ান নং-১০৬, ১০৮, ১০৯, ১১০, ১৯০, ৩৭৮, ১৯১, ও ১০৭-এর অন্তর্গত ১২৯.৮০ শতক সম্পত্তি তদউপর আরসিসি ফাউন্ডেশন বিশিষ্ট ১-তলা আবাসিক ভবন-ই গ-তফসিল বর্নিত সম্পত্তি যাহার বিবরন নিম্নরূপঃ-

| আর.এস খতিয়ান | এস.এ খতিয়ান | এস.এ দাগ | মোট সম্পত্তি শতক | প্রাপ্ত সম্পত্তি |
|---|---|---|---|---|
| ১৩৯ | ১০৬ | ৩৫২ | ৩৩.০০ | ৩.৯৩ |
| | | ৩৫৫ | ৫৬.০০ | ৫.৩৪ |
| | | ৩৫৮ | ৪৫.০০ | ৪.৬২ |
| | | ৪৪৩ | ১৩৫.০০ | ১২.৬১ |
| ৫৫ | ১০৮ | ৪৪০ | ২১.০০ | ১.১৬ |
| | | ৪৪৮ | ৯২.০০ | ৫.০৬ |
| ৫৪ | ১০৯ | ৩৫৯ | ১৯৬.০০ | ১৩.৯০ |
| ৫৩ | ১১০ | ৩৪৬ | ৮৩.০০ | ৮.৩৪ |
| | | ৩৪৭ | ১৬.০০ | ০.৮০ |
| | | ৩৪৮ | ৩.০০ | ০.৩০ |
| | | ৩৫০ | ১৪৯.০০ | ১৪.৯৯ |
| | ১৯০ | ৪১৭ | ১৮৬.০০ | ১৭.৮৩ |
| | | ৪১৮ | ৩৮.০০ | ৩.৬৪ |
| ৮১ | ৩৭৮ | ৩৪২ | ১৫.০০ | ০.৩৫ |
| | | ৩৪৩ | ২২.০০ | ০.৬১ |
| | | ৩৪৫ | ৭৮.০০ | ৩.৯৫ |
| | | ৩৪৯ | ৬.০০ | ০.৩০ |
| | | ৩৫১ | ১৪.০০ | ০.৭১ |
| | | ৩৬৪ | ২৮৬.০০ | ৮.৫১ |
| | ১৯২ | ৩৯৭ | ৯০.০০ | ৪.৫৫ |
| | | ৪১০ | ৪১.০০ | ২.০৭ |
| | | ৪১১ | ১৭.০০ | ০.৮৬ |
| | | ৪১২ | ২.০০ | ০.১০ |
| | | ৪১৪ | ৪০.০০ | ২.০২ |
| ১৩৩ | ১০৭ | ৪৭২ | ৮.০০ | ০.১২ |
| | | ৪৭৫ | ১২.০০ | ০.১০ |
| | | ৪৭৬ | ২৮.০০ | ০.৪৪ |
| | | ৪৭৭ | ৬.০০ | ০.১০ |
| | ১৯১ | ৩৯৭ | ৯০.০০ | ৮.৬৩ |
| | | ৪১৪ | ৪০.০০ | ৩.৮৬ |
| | | | মোট জমি | ১২৯.৮০ |

উপরোক্ত ৯টি এস.এ খতিয়ান ২৮টি দাগে মোট ১২৯.৮০ শতক সম্পত্তি, যাহার নামজারী ও জমাভাগ খতিয়ান নং- ১২৫৭, কেইস নং- ১৬১৯/২০১১-২০১২, তাং ৩১/০১/২০১২ ইং, উহার কাতে ১২৭.৭১ শতক ভুমিই তফসিল বর্নিত সম্পত্তি বটে। যাহার মালিক- মোঃ রফিউদ্দিন আহমেদ ফেরদৌস।

**সহকারী মহাব্যবস্থাপক ও শাখা প্রধান**
বংশাল শাখা

**বণিক বার্তা- ২৬-০৮-২০২৪**
**আজকের বার্তা- ২৬-০৮-২০২৪**